বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ

অতীব জরুরী ও সর্বোচ্চ অগ্রাধিকার

তারিখঃ ১৮-০৭-২০১৮

নং-প্রকা/আরএমডি-৩০/অংশ-৮/২০১৮-২০১৯/১৪৫(১২০০)

১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
৩। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে ও দমন কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে গঠিত কেন্দ্রীয় টাস্কফোর্স এর সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার ১৬-০৭-২০১৮ তারিখের পত্র নং বিএফআইইউ(সিএইচআইই)-০৩/২০১৮-৪১২২-৪১৭৮ এর মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে ও দমন কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে গঠিত কেন্দ্রীয় টাস্কফোর্স এর সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। উক্ত সভায় দেশের বিদ্যমান পরিস্থিতিতে চলমান মাদক বিরোধী অভিযানসহ বিভিন্ন সময়ে সংবাদ মাধ্যমে প্রকাশিত বিরূপ তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় Name Screening সম্পন্ন করার এবং প্রযোজ্য ক্ষেত্রে সন্দেহজনক লেনদেনের তথ্যের ভিত্তিতে তা বিএফআইইউ কে রিপোর্ট করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর নির্দেশনা ও কেন্দ্রীয় টাস্ক ফোর্সের সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালনের লক্ষ্যে অত্র ব্যাংকের কোন শাখা যাতে দেশের বিদ্যমান পরিস্থিতিতে চলমান মাদক বিরোধী অভিযানসহ বিভিন্ন সময়ে সংবাদ মাধ্যমে প্রকাশিত বিরূপ তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় Name Screening সম্পন্ন করতঃ এবং প্রযোজ্য ক্ষেত্রে সন্দেহজনক লেনদেনের তথ্য পরিলক্ষিত হলে অবিলম্বে তা স্থগিত করে বিএফআইইউকে অবহিত কারার লক্ষ্যে অত্র ব্যাংকের কেন্দ্রীয় পরিপালন ইউনিটে (সিসিসি)/ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে তথ্য প্রেরনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হলো।

০৪। প্রদত্ত নির্দেশনা শাখা/কার্যালয়সমূহের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী কর্তৃক পরিপূর্ণভাবে বাস্তবায়ন/পরিপালন করা হচ্ছে কিনা মাঠ পর্যায়ের সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ও বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাদেরকে নিশ্চিত হওয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

আপনার বিশ্বস্ত,

২৮/০৭/১৮
(শেখ মাহমুদ কামাল)
মহাব্যবস্থাপক আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ
এবং
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

তারিখঃ ১৮-০৭-২০১৮

নং-প্রকা/আরএমডি-৩০/অংশ-৭/২০১৮-২০১৯/ ১৪৫(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। নথি/মহানথি।

২৮/৭/১৮
( রওনক সাদফেরদৌসী)
উপ-মহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

amzad/aml letter-m-3